**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-১৬২-আইন/২০২৫/২৯০-মূসক।**— সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২২৯-আইন/২০১৯/৬৫-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) অনুচ্ছেদ ১ এর-

(অ) ক্ষমতা প্রদান অংশে উল্লিখিত "Customs Act, 1969 (Act No. IV of 1969)" এর পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)" প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (ক) এ উল্লিখিত "২ (দুই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৪ (চার)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ই) দফা (খ) এ উল্লিখিত "৫ (পাঁচ)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৭.৫ (সাত দশমিক পাঁচ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(ঈ) দফা (গ) এ উল্লিখিত "৭.৫ (সাত দশমিক পাঁচ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "১০ (দশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(উ) টেবিল-১ এর শর্তাবলীর শর্ত (গ) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (গ) ও (গগ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(গ) সেলুলার ফোন উৎপাদনকারী প্রতিষ্ঠানে-

(i) Printed Circuit Board (PCB) উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Copper Clad Laminate, Electroplating salts and Chemicals for PCB, Sodium Chlorate, Sodium

Downloaded from www.taxvatpoint.com

Persulphate, Sulphuric Acid, Prepreg (Glass fiber and apoxy), Aluminum Foil ব্যবহার করিতে হইবে;

(ii) Charger উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Unloaded Printed Circuit Board (PCB), Diode, Resistor, Transformer, Connector, Electric Cable, Masterbatch, Acrylonitrile-Buttadiene-Styrene (ABS) Copolymers, Charger Connector Pin ব্যবহার করিতে হইবে;

(iii) Battery উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Lithium ion cell, BMS, Acrylonitrile-Butadiene-Styrene (ABS) Copolymers, Battery Cap ব্যবহার করিতে হইবে; এবং

(iv) Housing ও Casing উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Ploycarbonates, Masterbatch ব্যবহার করিতে হইবে;

(গগ) Printed Circuite Board (PCB), Charger, Battery, Housing ও Casing উৎপাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারী যেমন- Cutting Machines, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, DES line, SM Developing Machine, Surface Finishing Machine, Electrical Test Machine, Automatic Soldering, Reflow Wave Soldering, Inspection Machine, Injection Molding Machine কারখানা প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে এবং উক্ত যন্ত্রপাতি সহযোগে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত সেলুলার ফোনের ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ যথাক্রমে Printed Circuite Board (PCB), Charger, Battery, Housing ও Casing উৎপাদন করিতে হইবে।";

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

(ঙ) টেবিল-২ এর শর্তাবলীর শর্ত (খ) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(খ) সেলুলার ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানে-

(i) Printed Circuit Board Assembling (PCBA) উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Magmatic beads, Capacitor, Ball Grid Array Integrated Circuit (BGA IC), Shield, Resistor, Inductor, Diode, Unloaded Printed Circuit Board ব্যবহার করিতে হইবে এবং অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৭) এর উল্লিখিত যন্ত্রপাতিসহ অন্যান্য যন্ত্রপাতি সহযোগে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত সেলুলার ফোনের নূন্যতম ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board (PCBA) উৎপাদন/সংযোজন করিতে হইবে;

(ii) Battery উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Lithium ion Cell, BMS (Battery management system), Nickel strip, Battery Cap/ Upper cap/ Lower Cap, Double glue adhesive tape, Hollow barley paper, Acrylonitrile-Butadiene-Styrene (ABS) Copolymers, Battery Bag ও Battery Label ব্যবহার করিতে হইবে এবং নূন্যতম যন্ত্রপাতি PTS (PCBA tester), Welding machine, Spot welding machine, Injection Molding, Battery Labeling Machine, Packing Machine, Battery ATE Machine, BTS ও অন্যান্য যন্ত্রপাতি সহযোগে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত সেলুলার ফোনের নূন্যতম ৫০ (পঞ্চাশ) শতাংশ Battery উৎপাদন/ সংযোজন করিতে হইবে; এবং

(iii) Charger উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Loaded Printed Circuit Board, Cable Fitted with Connector, Charger Casing, Charger

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Connector Pin ব্যবহার করিতে হইবে এবং নূন্যতম যন্ত্রপাতি cleaning machine, ATE Machine, Laser printer machine, Full charger ATE machine, Ultrasonic Welding machine , Ageing Machine, Silent room, Hi-Pot tester, DC load tester, Oscilloscope, Wave soldering machine, Glue dispensing machine, Pin Insertion machine ও অন্যান্য যন্ত্রপাতি সহযোগে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত সেলুলার ফোনের নূন্যতম ৫০ (পঞ্চাশ) শতাংশ Charger উৎপাদন/ সংযোজন করিতে হইবে;";

(খ) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত কমিটির ক্রমিক নং (গ) এর পরিবর্তে নিম্নরূপ নূতন ক্রমিক নং (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(গ) যে কোন প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন যথোপযুক্ত প্রতিনিধি;

(ঘ) সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা;";

(গ) উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত "Customs Act, 1969 (Act No. IV of 1969)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) অনুচ্ছেদ ২ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )**
**সচিব**

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com